

## হবিগঞ্জে বৈদেশিক কর্মসংস্থান সচেতনতা বৃদ্ধিতে সেমিনার অনুষ্ঠিত

আজ সকাল ১০ টায় হবিগঞ্জ জেলা প্রশাসন কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মাহমুদুল কবীর মুরাদ এর সভাপতিত্বে বৈদেশিক কর্মসংস্থানের ব্যাপারে জনগণের সচেতনতা বৃদ্ধি করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে হবিগঞ্জে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সেমিনারে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব নাইমা আফরোজ ইমা। সেমিনারে জেলার ৭১ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

সেমিনারে প্রতিনিধিরা বলেন, নিরাপদ অভিবাসনের জন্য প্রতিটি দপ্তর/ব্যক্তি যার যার অবস্থান থেকে সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করে। ২০১৩ সালের আইন মোবাইল কোর্টের তফশিলভুক্ত হওয়ায় নিরাপদ অভিবাসনের সাথে সম্পৃক্ত অপরাধকে আইনের আওতায় আনতে জেলা ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে সকল

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবেন। উল্লেখ্য, বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে হয়রানি ও প্রতারণা নিরসনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে এই সেমিনার সারা দেশব্যাপী অনুষ্ঠিত হচ্ছে। পর্যায়ক্রমে এই সেমিনার উপজেলা পর্যায়েও অনুষ্ঠিত হবে।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০১৭১২৩৮০৪৩৫.

